

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৬৬/২০১২

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৬/১১/২০১২খ্রিঃ।

২২ কার্তিক, ১৪১৯ বাংলা।

উপ-কর কমিশনারের কার্যালয় সার্কেল-৪৮ ও ৫৫, কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর অফিস স্মারক নং-ডাটা এন্ট্রি/সা ৪৮-১৪২/সা-৫৫-১৩২, তারিখঃ ০৫/১১/২০১২ইং সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে উপ-কর কমিশনারের কার্যালয়ে আগামী ১৩/১১/১২ইং তারিখের মধ্যে দাখিল করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-কর কমিশনারের কার্যালয়

সার্কেল-৪৮ ও ৫৫, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

বাড়ী নং ১১০, সড়ক নং ১৭, সিডিএ আ/এ, আখ্ৰাবাদ, চট্টগ্রাম

নথি নংঃ ডাটা এন্ট্রি/সা ৪৮-১৪২/সা ৫৫-১৩২

তারিখঃ ০৫/১১/২০১২ইং

প্রাপক,

সভাপতি/সাঃ সম্পাদক,

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা)

১৭১২, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।

বিষয়ঃ পরিবর্তিত নতুন টি,আই,এন সম্বলিত টি,আই,এল কার্ড প্রদান এবং টি,আই,এন ডাটাবেস হালনাগাদ করার উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের অধিক্ষেত্র আদেশ অনুযায়ী চট্টগ্রাম জিলার ব্যক্তিমালিকানাধীন ও অংশীদারী সিএন্ডএফ এজেন্ট- যাদের নামের অদ্যক্ষর ইংরেজী A হতে L তাদের আয়কর রিটার্ন সার্কেল ৪৮ (সাবেক সার্কেল ১৮), কর অঞ্চল-৩, চট্টগ্রাম এবং যাদের নামের অদ্যক্ষর ইংরেজী M হতে Z তাদের আয়কর রিটার্ন সার্কেল ৫৫ (সাবেক সার্কেল ২১), কর অঞ্চল-৩, চট্টগ্রাম এ দাখিল করা হয়ে থাকে। বর্তমানে দ্রুততর ও উন্নততর সেবা প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড করদাতাদের বর্তমান টি,আই,এন এর পরিবর্তে নতুন টি,আই,এন সম্বলিত কার্ড প্রদান এবং টি,আই,এন ডাটাবেজ হালনাগাদ শুরু করেছে। পরিবর্তিত নতুন টি,আই,এন এর সঙ্গে প্রদত্ত টি,আই,এন কার্ডটি টি,আই,এন সার্টিফিকেট এর বিকল্প হিসেবেও ব্যবহার করা যাবে।

টি,আই,এন ডাটাবেজ হালনাগাদ করার উদ্দেশ্যে সংযুক্ত ছক অনুযায়ী ইংরেজীতে যথাযথ তথ্য আবশ্যিক।

আপনার এসোসিয়েশনের এর সদস্যদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে টি,আই,এন ডাটাবেজ হালনাগাদ করা হবে। এ বিষয়ে দেশব্যাপী প্রত্যেক করদাতাকে আলাদাভাবে পত্রও দেয়া হচ্ছে। এমতাবস্থায়, উল্লেখিত তথ্যাদি ইংরেজীতে বড় হাতের অক্ষরে স্পষ্টভাবে সংযুক্ত ছক অনুযায়ী লিপিবদ্ধ করে আগামী ১৩/১১/২০১২ইং তারিখের মধ্যে এই দপ্তরে প্রেরণ করার জন্য আপনার এসোসিয়েশনের সংশ্লিষ্ট সদস্যদেরকে জানানোর জন্য আপনাকে সর্বিনয়ে অনুরোধ করা হচ্ছে। একটি আধুনিক ও প্রযুক্তি নির্ভর কর বিভাগ গঠনে আপনার এবং আপনার এসোসিয়েশন এর সহযোগিতা গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমি বিশ্বাস করি।

একজন সচেতন নাগরিক হিসেবে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

স্বাঃ/-

(মোঃ তারিক ইকবাল)

সহকারী কর কমিশনার

কর সার্কেল-৫৫, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

০৩১-৭২৩৪৯৫

স্বাঃ/-

(মুরাদ আহমেদ)

সহকারী কর কমিশনার

কর সার্কেল-৪৮, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

০৩১-৭২৩৪৮৯

